



মৌলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২।

২০২১-২০২২ ইং শিক্ষাবর্ষে সিএসই বিভাগে Ph.D. প্রোগ্রামে

ভর্তি বিজ্ঞপ্তি

২০২১-২০২২ ইং শিক্ষাবর্ষে মৌলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগে Ph.D. প্রোগ্রামে বিভাগ কর্তৃক নির্ধারিত আসনে ভর্তির জন্য স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদী বি.এস.সি ও এম.এস/এম.এস.সি ডিগ্রিধারীর নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইনের মাধ্যমে আবেদনপত্র সংগ্রহ ও জমা দেয়া যাবে।

ভর্তির আবেদনের যোগ্যতা:

ক) প্রার্থীর এম.ফিল অথবা এম.এস/এম.এস.সি প্রোগ্রামে থিসিস থাকতে হবে অথবা এম.এস/এম.এস.সি প্রোগ্রামে যাদের থিসিস নেই তাদের স্বীকৃত কোন গবেষণা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ে গবেষণা কার্যক্রমের অভিজ্ঞতা থাকতে হবে। পাবলিক বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার ক্ষেত্রে ০২ বছরের অভিজ্ঞতা অথবা অনার্স ও মাস্টার্স শ্রেণীর কলেজে শিক্ষকতার ০২ বছরের অভিজ্ঞতা অথবা গবেষণা প্রতিষ্ঠানে গবেষণা কার্যক্রমের ০২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

খ) প্রার্থীর স্বীকৃত মানের জার্নালে গবেষণামূলক একটি প্রকাশনা (peer reviewed) থাকতে হবে।

গ) এসএসসি, এইচএসসি ও সমমান পরীক্ষায় ফলাফল ন্যূনতম দ্বিতীয় বিভাগ (৫০% মার্কস) অথবা ৫.০০ স্কেলের মধ্যে ন্যূনতম জিপিএ ৩.৫০ এবং বি.এস.সি ও এম.এস.সি প্রোগ্রামে ৪.০০ স্কেলের মধ্যে ন্যূনতম জিপিএ ৩.০০ অথবা শ্রেণী/বিভাগ সিস্টেমে ৫৫% মার্কস থাকতে হবে।

ঘ) চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

ভর্তি পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণের সময় নিম্নলিখিত কাগজপত্র সঙ্গে আনতে হবে:

ক) শিক্ষাগত যোগ্যতার সমর্থনে সকল পরীক্ষার মার্কশিট/ট্রান্সক্রিপ্ট এবং সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি।

খ) নাগরিকত্ব সনদপত্র/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।

গ) সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রুদিন ছবি।

ঘ) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি।

ভর্তিসংক্রান্ত তথ্যসমূহ:

আবেদনপত্র বিতরণ ও জমা	২৮/০৮/২০২২ থেকে ১৪/০৯/২০২২ তারিখ পর্যন্ত
ভর্তি পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণ (সকাল: ১০:০০ হতে দুপুর: ১২:০০ পর্যন্ত)	১৮/০৯/২০২২ তারিখ
ভর্তির জন্য যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ	১৯/০৯/২০২২ তারিখ
ভর্তির তারিখ	২৫/০৯/২০২২ থেকে ০২/১০/২০২২ তারিখ পর্যন্ত
ক্লাস শুরু	

ওয়েব সাইট থেকে ফর্ম সংগ্রহ ও জমাদানের নির্দেশনা:

০১। অনলাইন-এ ফর্ম সংগ্রহের জন্য www.cse.mbstu.ac.bd/admission লিংক-এ যেতে হবে।

০২। Online Application লিংক-এ প্রবেশ করে দৃশ্যমান ফর্মটি পূরণ করতে হবে। ফর্ম পূরণের পূর্বে নির্ধারিত bKash (01716-862814) নাম্বার-এ আবেদন ফি ২০০০/- (দুই হাজার) টাকা পাঠিয়ে ট্রানজেকশন নাম্বারটি সংরক্ষণ করতে হবে এবং ফর্ম-এর নির্ধারিত ঘরে প্রদান করতে হবে।

০৩। সঠিকভাবে সকল তথ্য প্রদান করার পর Submit বাটনটিতে প্রেস করতে হবে।

০৪। পরবর্তী পেজ-এ সকল তথ্য সঠিক পাওয়া গেলে Print Admit বাটনটি প্রেস করে Admit Card ডাউনলোড করা যাবে। অন্যথায় Edit বাটনে প্রেস করে তথ্য সংশোধন করা যাবে।

০৫। bKash ট্রানজেকশন ID সঠিক পাওয়া না গেলে অথবা সরবরাহকৃত তথ্য ভুল প্রমাণিত হলে আবেদনপত্রটি বাতিল বলে গণ্য হবে।

ওয়েবসাইট থেকে আবেদনের নির্দেশনাঃ

- অনলাইনে আবেদনের জন্য <https://cse.mbstu.ac.bd/admission> লিংকে প্রবেশ করে নিম্নলিখিত নির্দেশনা অনুযায়ী ফর্ম সাবমিট করতে হবে।
- Apply Now বাটনে ক্লিক করতে হবে।
- Apply Now বাটনে ক্লিক করার পর মোবাইল ভেরিফিকেশনের ফর্ম আসবে যেখানে আবেদনকারীকে ১১ ডিজিটের মোবাইল নম্বরটি দিয়ে ভেরিফাই করতে হবে।
- ভেরিফিকেশন সম্পন্ন হলে বেসিক ইনফরমেশন ফর্ম আসবে যেখানে আবেদনকারীকে তার বেসিক ইনফরমেশন সঠিকভাবে প্রদান করে Next বাটনে ক্লিক করে পরবর্তী ধাপে যেতে হবে।
- বেসিক ইনফরমেশন সঠিকভাবে প্রদানের পর আবেদনকারীকে তার এডুকেশনাল ইনফরমেশন সঠিকভাবে প্রদান করে Next বাটনে ক্লিক করে পরবর্তী ধাপে যেতে হবে।
- এডুকেশনাল ইনফরমেশন সঠিকভাবে প্রদানের পর আবেদনকারীকে তার অন্যান্য ইনফরমেশন সঠিকভাবে প্রদান করে Next বাটনের ক্লিক করে পেমেন্ট ইনফরমেশন ধাপে যেতে হবে।
- এই ধাপে ফর্ম সাবমিটের পূর্বেই আবেদনকারীকে বিকাশ (01716862814) নম্বরে আবেদন ফী বাবদ ২০০০/- টাকা পাঠিয়ে (Send Money) ট্রানজেকশন আইডি সংরক্ষণ করতে হবে এবং ফর্মের নির্ধারিত স্থানে বসিয়ে Confirm বাটনে ক্লিক করে আবেদনটি সম্পন্ন করতে হবে।

ওয়েবসাইট থেকে ব্যক্তিগত আবেদন দেখার নির্দেশনাঃ

অনলাইনে ব্যক্তিগত আবেদন দেখার জন্য <https://cse.mbstu.ac.bd/admission> লিংকে প্রবেশ করে আবেদনকারীকে তার ভেরিফাইড মোবাইল নম্বর এবং ট্রানজেকশন আইডি দিয়ে Check Your Application বাটনে ক্লিক করে ব্যক্তিগত আবেদনটি দেখতে হবে।